AllnBangla.Com Presents

# প্রম্পট ইঞ্জিনিয়ারিং

............ব্যাসিক টু অ্যাডভান্সড

**Nasir Uddin Shamim**

# ভূমিকা

প্রিয় পাঠক,

আজকের বিশ্বে কৃত্রিম বুদ্ধিমত্তা (AI) দ্রুত আমাদের জীবনের অবিচ্ছেদ্য অংশ হয়ে উঠছে। স্কুল, কলেজ বা জব বা বিজনেস  বা Fun প্রোজেক্ট থেকে শুরু করে দৈনন্দিন কাজগুলোতে - ChatGPT, Claude, Gemini, DeepSeek বা Grok এর মতো AI মডেলগুলি ইতিমধ্যেই আমাদের বিভিন্নভাবে সাহায্য করছে।

কিন্তু এই AI মডেলগুলির সাথে কীভাবে ভালোভাবে যোগাযোগ করবেন? আমরা কি বললে তারা ভালোভাবে বুঝতে পারবে যে আমরা আসলে কি চাই?
কীভাবে নির্দিষ্ট, ব্যবহারযোগ্য এবং স্পেসিফিক সঠিক উত্তরটাই পাবেন সবসময়?

এখানেই প্রম্পট ইঞ্জিনিয়ারিং বিষয়টা গুরুত্বপূর্ণ হয়ে ওঠে! এই বইয়ে AI নিয়ে আগ্রহীদের জন্য সহজ ভাষায় প্রম্পট ইঞ্জিনিয়ারিং-এর মূলনীতি, বিভিন্ন স্ট্রাটেজিস এবং প্রাক্টিক্যাল এক্সাম্পলস নিয়ে আলোচনা করবো।

আমরা এমন সব প্রম্পট শিখবো যা আপনার হোমওয়ার্ক, প্রজেক্ট, Creative Writing, কোডিং এবং আরও অনেক কিছুতে সাহায্য করবে। সবচেয়ে ভালো ব্যাপার হল, এই বইয়ের সমস্ত প্রম্পট কপি-পেস্ট করে সরাসরি ব্যবহার করা যাবে!

চলুন, AI-এর সাথে Prompt Engineering এই শুভ-যাত্রাটা শুরু করি!

শুভেচ্ছান্তে,

**Nasir Uddin Shamim**

AIinBangla.Com

Email: nus@nshamimpro.com

চলবে...

# সূচিপত্র


| | |
|---|---|
| প্রম্পট ইঞ্জিনিয়ারিং কী? | 3 |
| LLM (Large Language Model) কীভাবে আপনার ইনপুট প্রসেস করে? | 4 |
| টোকেন, প্রসেসিং এবং আউটপুট জিনিসটা কি? | 5 |
| Temperature, Max Tokens, Top-p ইত্যাদি Prompt Generation প্যারামিটারস সম্পর্কে ব্যাসিক জ্ঞান | 6 |
| কীভাবে এই টেম্পারেচার, টোকেন এবং টপ পি ব্যবহার করবেন? | 8 |
| কেন প্রম্পট ইঞ্জিনিয়ারিং শিখবেন? | 8 |
| প্রম্পট ইঞ্জিনিয়ারিং-এর মূল Elements গুলো কি কি? | 9 |
| ভালো প্রম্পট লিখার মূলনীতি - Foundational Principles of Prompt Engineering | 10 |
| প্রম্পট ইঞ্জিনিয়ারিং এর কলাকৌশল | 12 |
| প্রম্পট অপটিমাইজেশন ও রিভিশন টেকনিক | 23 |
| প্রম্পট ইঞ্জিনিয়ারিং এর ১০টি রিয়েল লাইফ Use-Cases | 27 |
| প্রম্পট ইঞ্জিনিয়ারিং: পেশা হিসেবে সম্ভাবনা | 30 |
| কীভাবে ক্লায়েন্টের জন্য কাস্টম প্রম্পট তৈরি করবেন? | 33 |
| Prompt Engineering এর প্রশিক্ষণ ও সার্টিফিকেশন | 34 |


চলবে...

# প্রম্পট ইঞ্জিনিয়ারিং কী?

Prompt মানে হলো – AI-কে দেওয়া কমান্ড বা প্রশ্ন। আর Prompt Engineering হল AI মডেলের জন্যে এমনভাবে প্রশ্ন বা নির্দেশনা বা instructions তৈরি করা, যেন AI ঠিকমতো উত্তর বা সমাধান দিতে পারে। সহজ কথায়, প্রম্পট ইঞ্জিনিয়ারিং হলো AI-কে আমাদের প্রয়োজন অনুযায়ী উত্তর দেওয়ার জন্য সবচেয়ে ভালো দিক-নির্দেশনা দেওয়ার পদ্ধতি।

আপনি যদি লেখেন – "একটি প্রেমের কবিতা লিখো বাংলায়" অথবা "Write a love poem in Bengali"

ChatGPT এই নির্দেশনার ভিত্তিতে একটি বাংলা প্রেমের কবিতা তৈরি করে দেবে। এই প্রক্রিয়ায় প্রম্পট কাজ করে একটি ব্রিফিং-এর মতো — যেখানে আপনি যত স্পষ্ট, নির্দিষ্ট ও প্রাসঙ্গিক নির্দেশনা দেবেন, AI তত ভালো রেজাল্ট দেবে।

✅ ভালো প্রম্পট = ভালো আউটপুট

এটা অনেকটা গুগলে সার্চ দেওয়ার মতো, কিন্তু আরও স্মার্টভাবে পুরো ব্যাপারটা হ্যান্ডেল করতে হয় যাতে করে আমরা আমাদের আকাঙ্ক্ষিত সমাধান বের করে নিয়ে আসতে পারি যে কোন এআই টুলস থেকে!

এই প্রম্পট এবং প্রম্পট ইঞ্জিনিয়ারিং এর সাথে AI Models, LLM, Tokens, Token Process and Output, Prompt Temperature, Top-p এবং Max Tokens - এইসব টার্মগুলোও ওতপ্রোতভাবে জড়িত। চলুন সেগুলো নিয়েও ব্যাসিকটা জেনে নিই, এতে করে পরবর্তি অধ্যায়গুলো বুঝতে সহজ হবে।

চলবে...

# LLM (Large Language Model) কীভাবে আপনার ইনপুট প্রসেস করে?

LLM মানে হলো Large Language Model — এটি একটি এআই মডেল যা কোটি কোটি শব্দ, বাক্য, ও ওয়েব কনটেন্ট পড়ে (বা ইনডেক্স করে) শিখেছে যে কীভাবে মানুষ কথা বলে, প্রশ্ন করে এবং উত্তর দেয়।

আপনি যখন একটি প্রম্পট দেন, তখন LLM সেটিকে নিচের ধাপগুলো ফলো করে প্রসেস করে:

1️⃣ টোকেনাইজ করে – আপনার ইনপুটকে ছোট ছোট অংশে ভাগ করে নেয়
2️⃣ পূর্ব অভিজ্ঞতার ভিত্তিতে বোঝে বা অনুমান করে যে – কী ধরনের উত্তর আপনি চাচ্ছেন
3️⃣ সম্ভাব্য উত্তর জেনারেট করে – সবথেকে সম্ভাব্য শব্দগুলো সাজিয়ে রেসপন্স তৈরি করে

📌 উদাহরণ: আপনি লিখলেন – "বাংলাদেশের স্বাধীনতার ইতিহাস বলো।"

এআই সেই ইনপুটের প্রেক্ষিতে তার ট্রেইনিং ডেটার মধ্যে যা যা আছে (ইতিহাস, তারিখ, নাম ইত্যাদি) সেখান থেকে সর্বোত্তম, সম্পর্কযুক্ত এবং প্রাসঙ্গিক আউটপুট তৈরি করে দিবে।

ঠিক গুগলের মতো, রাইট?

চলবে...

# টোকেন, প্রসেসিং এবং আউটপুট জিনিসটা কি?

### 🔹 টোকেন কী?

টোকেন হলো কোনো বাক্যের টুকরো টুকরো অংশ। কখনো একটা শব্দ, কখনো শব্দের অংশও হতে পারে। যেমন: "is Bangladesh a beautiful country?"

→ এটি 5 টি শব্দ হলেও 3 টি টোকেন খরচ করে এআই বুঝে যাবে যে আপনি এইখানে কি প্রশ্ন করেছেন এবং এর মানে কি হতে পারে! যেমনঃ Bangladesh = দেশের নাম, beautiful country = দেশটা কেমন, is = প্রশ্ন!

### 🔹 কেন টোকেন গুরুত্বপূর্ণ?

AI মডেল প্রতিটি টোকেন বিশ্লেষণ করে বুঝে – আপনি কী বলতে চাচ্ছেন, এরপর একটা একটা করে সম্ভাব্য টোকেন যোগ করে সম্পূর্ণ বাক্য বানায়।

🎯 উদাহরণ: আপনি লিখলেন: "আজকের আবহাওয়া কেমন?"

➡️ AI এটিকে ভেঙে নেয়: "আজকের", "আবহাওয়া", "কেমন"
➡️ এরপর প্রসেস করে — এই প্রশ্নটি কিসের সাথে সম্পর্কিত (আবহাওয়া), কী টাইপের রেসপন্স লাগবে (বর্তমান, তথ্যভিত্তিক)
➡️ তারপর আউটপুট দেয়: "আজকের আবহাওয়া ঢাকা শহরে মেঘলা ও বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে।"

এইভাবে প্রতিটি টোকেন প্রসেস করে AI আপনাকে মানসম্মত আউটপুট দেয়।

বুঝা গেছে ব্যাপারটা? :)

# Temperature, Max Tokens, Top-p ইত্যাদি Prompt Generation প্যারামিটারস সম্পর্কে ব্যাসিক জ্ঞান

আপনি যখন প্রম্পট লিখে AI এর কাছে কিছু জানতে চান, তখন কিছু Hidden Controlling সেটিংস থাকে যেগুলো ঠিক করে দেয় — আপনার রেসপন্স কতটা দীর্ঘ, বৈচিত্র্যময়, বা নির্ভুল হবে। এসব কনফিগারেশনকে বলে Generation Parameters।

সচরাচর যেসব এআই মডেল ইউজ করি আমরা, সেগুলো এইসব অটো নিয়ন্ত্রণ করে, প্রম্পটে ডিরেক্টলি কিছু করতে হবে না আপনার। আপাতত বিষয়গুলো জেনে রাখুন!

এখন আমরা শিখবো ৩টি সবচেয়ে গুরুত্বপূর্ণ প্যারামিটার সম্পর্কে:

🌡️ **১. প্রম্পট টেম্পারেচার (Temperature):**

Temperature মানে হলো — AI কতটা কল্পনাশক্তি বা বৈচিত্র্যতা দেখাবে আউটপুটে।

🧊 কম Temperature (0.1–0.3): খুব ফ্যাক্ট-বেইজড, নির্ভুল ও একরকমের উত্তর দেয়।

➤ Use Case: এক্স্যাক্ট তথ্য, কোড লেখা, ডাটা বিশ্লেষণ।

🔥 বেশি Temperature (0.7–1): বেশি ক্রিয়েটিভ, ডাইভার্স ও আনএক্সপেক্টেড উত্তর দেয়।

➤ Use Case: গল্প লেখা, ব্রেইনস্টর্মিং, মার্কেটিং আইডিয়া।

চলবে...

🎯 উদাহরণ: প্রম্পট: "একটি গল্প লেখো যেখানে একটি বিড়াল হচ্ছে গল্পের নায়ক।"

Temperature 0.2 → "একটি বিড়াল কুকুরের হাত থেকে একটি শিশুকে বাঁচালো।"

Temperature 0.9 → "একটি বিড়াল কোন একটা গ্রহের উপর রাজত্ব করছিল এবং পরবর্তিতে এলিয়েনরা এসে তাদের সেই রাজ্য দাবি করে!"

### 🔢 ২. প্রম্পট Max Tokens:

Max Tokens বলে দেয় — আউটপুট কত বড় হবে। ১টি টোকেন ≈ ১টি শব্দের অংশ (একটি শব্দ সাধারণত ১–৩ টোকেন হয়)।

যদি আপনি ৫০ Max Tokens দেন, AI খুব সংক্ষিপ্ত রেসপন্স দেবে ৫০০ বা ১০০০ Tokens দিলে AI বিস্তারিতভাবে লিখবে।

📝 উদাহরণ:

Max Tokens: 50 → "এই কনসেপ্টটি হলো একটি সংক্ষিপ্ত ও সহজভাবে বোঝানোর পদ্ধতি।"

Max Tokens: 500 → বিস্তারিত ব্যাখ্যাসহ উদাহরণ, ব্যবহার, এবং তুলনা পাবে

📌 যখনই আপনি লম্বা ব্লগ বা আর্টিকেল জেনারেট করতে চান, Max Tokens বাড়াবেন। এইটা নিয়ে বিস্তারিত আমাদের এআই চ্যাম্পিয়নস কোর্সে আলোচনা করবো।

### 🎲 ৩. প্রম্পট Top-p (Nucleus Sampling):

Top-p বোঝায় — AI কতগুলো সম্ভাব্য শব্দ থেকে বেছে নেবে। এটি Temperature-এর বিকল্প হিসেবে কাজ করে

Top-p 1.0 → সব সম্ভাব্য শব্দ থেকে বেছে নেয় (সবচেয়ে ক্রিয়েটিভ)

Top-p 0.1–0.3 → কেবল সবচেয়ে সম্ভাব্য শব্দগুলো থেকে বেছে নেয় (সবচেয়ে প্রেডিক্টেবল)

🔍 তবে বেশিরভাগ সময় Temperature ও Top-p একসাথে না বদলানোই ভালো।

চলবে...

🧪 BONUS: **আরও কিছু গুরুত্বপূর্ণ প্যারামিটার (সংক্ষেপে) প্যারামিটার কাজ**

Frequency Penalty - একই শব্দ বারবার যেন না আসে, তা নিয়ন্ত্রণ করে।

Presence Penalty - নতুন বিষয় আনার প্রবণতা বাড়ায়।

Stop Sequences - নির্দিষ্ট শব্দ বা চিহ্ন দেখলেই রেসপন্স বন্ধ করে দেয়।

# ✅ কীভাবে এই টেম্পারেচার, টোকেন এবং টপ P ব্যবহার করবেন?

যখনই কাস্টমাইজড আউটপুট চান, Temperature ও Max Tokens সামঞ্জস্য করে নিন

কোডিং বা তথ্যভিত্তিক কাজে → Temperature কম

কনটেন্ট রাইটিং বা গল্পে → Temperature বেশি

আউটপুট ছোট হলে → Max Tokens বাড়ান

বারবার একই শব্দ এলে → Frequency Penalty দিন (0.5–1.0)

**প্রম্পট নিয়ে আমরা অনেক কিছু জানলাম। অনেক তো বকবক হলো।**

**চলুন সামনে এগোই :)**

# কেন প্রম্পট ইঞ্জিনিয়ারিং শিখবেন?

**এখনকার চেয়ে আরও ভালো ফলাফল পেতে**: AI থেকে আরও সঠিক এবং ইফেক্টিভ উত্তর এবং সমাধান পাওয়া যাবে।

**সময় বাঁচাবে**: সঠিক প্রম্পট দিয়ে আপনি প্রথমবারেই কাঙ্খিত উত্তর বা সমাধান পেতে পারেন যদি Prompt Engineering-টা ভালো করে বুঝেন আপনি ।

চলবে...

**সম্ভাবনা বাড়াবে**: AI-এর সাথে আপনার কাজের পরিধি বাড়বে এবং নতুন নতুন এঙ্গেল থেকে আপনি নতুন নতুন সমাধান খুঁজে বের করে ফেলতে পারবেন।

**ভবিষ্যতের দক্ষতা**: এই দক্ষতা আপনাকে ভবিষ্যতের চাকরি ও প্রজেক্টে ভীষণ-ভীষণভাবে সাহায্য করবে। শুধু এই প্রম্পট ইঞ্জিনিয়ারিং আলাদা দক্ষতা হিসেবে বিভিন্ন কোম্পানিতে প্রাধান্য পাবে।

# প্রম্পট ইঞ্জিনিয়ারিং-এর মূল Elements গুলো কি কি?

**১। Clarity বা স্পষ্টতা**: AI-কে কী করতে হবে তা পরিষ্কারভাবে জানানো

**২। Conscise and Specific বা সংক্ষিপ্ততা**: অপ্রয়োজনীয় শব্দ বাদ দেওয়া

**৩। Background or History or Memory বা প্রসঙ্গ**: প্রয়োজনীয় ব্যাকগ্রাউন্ড বা হিস্টরিক্যাল তথ্য দেওয়া

**৪। Structure বা কাঠামো**: উত্তরের আকার ও ফরম্যাট নির্দিষ্ট করা এবং ডিফারেন্ট এঙ্গেল থেকে উত্তর দেয়ার ইজি স্কোপ তৈরি করে দেয়া!

কয়েকটা উদাহরণ দিচ্ছি!

ধরুন, একজন শেফকে রান্না করতে বলেছেন। যদি আপনি শুধু বলেন যে - "আমার জন্য কিছু রান্না করো", তাহলে এইটার ফলাফল অনিশ্চিত।

কিন্তু যদি বলেন, "দয়া করে আমার জন্য ৪ জনের উপযোগী একটি বাংলাদেশী স্টাইলের মাছের তরকারি রান্না করুন, যেখানে কম তেল ও মশলা থাকবে", তাহলে আপনি নির্দিষ্ট ফলাফল পাবেন।

চলবে...

❌ Bad Prompt: "Write essay.

✅ Good Prompt: "Write a 300-word essay about the importance of planting trees, using simple language for 8th-grade students." এই Good Prompt টাই হচ্ছে প্রম্পট ইঞ্জিনিয়ারিং এর একটা উদাহরণ!

ইন্টারেস্টিং মনে হচ্ছে না বিষয়টা? চলুন আরো বিস্তারিতভাবে সবকিছু শিখে নিই :)

# ভালো প্রম্পট লিখার মূলনীতি - Foundational Principles of Prompt Engineering

### ১. Be Clear and Specific (প্রম্পট দেয়ার সময় স্পষ্ট করবেন সবকিছু)

AI মডেল মনের কথা পড়তে পারে না। তাই যত স্পষ্ট নির্দেশনা দেবেন, তত ভালো ফলাফল পাবেন।

খারাপ প্রম্পট: Science project help

ভালো প্রম্পট: I need help creating a 9th grade science project about renewable energy. Please provide 3 project ideas that can be completed within a week using materials available at home. Each idea should include a hypothesis, materials list, and step-by-step procedure.

### ২. Use Context and Background in Prompts (প্রসঙ্গ ও পটভূমি)

AI আপনার পরিস্থিতি সম্পর্কে কিছুই জানে না, যদি না আপনি তাকে জানান। তাই, প্রাসঙ্গিক তথ্য প্রদান করবেন অলওয়েজ।

খারাপ প্রম্পট: Explain this math problem

চলবে...

ভালো প্রম্পট: I'm a 9th grade student struggling with algebra. Please explain how to solve the quadratic equation $x^2 + 5x + 6 = 0$ using factoring. Break down each step simply and explain why we do each step.

### ৩. Ask AI To Act As a Specific Role and Expert (ভূমিকা ও বিশেষজ্ঞতা)

AI-কে একটি নির্দিষ্ট Role দিলে সে সেই অনুযায়ী উত্তর দেবে।

খারাপ প্রম্পট: Write about water pollution

ভালো প্রম্পট: Act as an environmental science teacher explaining water pollution to 9th grade students. Describe the main causes, effects, and potential solutions in simple language with 2-3 real-world examples from Bangladesh.

### ৪. Specify the Output Format (আউটপুট ফরম্যাট নির্ধারণ)

কীভাবে উত্তর চান তা স্পষ্টভাবে উল্লেখ করবেন।

খারাপ প্রম্পট: Tell me about the solar system

ভালো প্রম্পট: Create a table showing information about all planets in our solar system. For each planet, include: name, distance from the sun, size comparison to Earth, number of moons, and one interesting fact. Then write a short 3-paragraph summary below the table highlighting the most fascinating aspects.

### ৫. Specify The Amount or Quantity in Detail (কেমন হবে আউটপুট সেটা বলে দিন)

কতটা বিস্তারিত উত্তর চান তা উল্লেখ করুন।

চলবে...

খারাপ প্রম্পট: Write an essay on Bangladesh independence

ভালো প্রম্পট: Write a 500-word essay on Bangladesh's independence suitable for a 9th grade history assignment. Include 3 key events leading to independence, 2 important leaders and their contributions, and conclude with the significance of Independence Day. Use simple language and avoid complex historical debates.

**৬. Example Is The Key (উদাহরণ দিন)**

AI-থেকে আপনি কিরকম উত্তর চান তার একটা বা দুইটা উদাহরণ দিন।

খারাপ প্রম্পট: Give me ideas for my creative writing

ভালো প্রম্পট: I need 5 story ideas for my creative writing assignment. Each idea should be a short paragraph like this example: "A student discovers an old diary in the school library that seems to predict future events. As strange occurrences begin matching the diary's entries, they must decide whether to try changing the predicted outcomes." Please make the stories appropriate for 9th grade students and include elements of mystery or adventure.

**আমরা ভালো প্রম্পটস এ কি কি থাকবে সেটা জানলাম। চলুন এখন এই ভালো প্রম্পটসগুলো দিয়ে প্রম্পটস ইঞ্জিনিয়ারিংটা শুরু করি পরবর্তী  অধ্যায়ে........**

চলবে...

# প্রম্পট ইঞ্জিনিয়ারিং এর কলাকৌশল

এখানে কিছু Improved কৌশল + Prompt Engineering Framework দেওয়া হল যা আপনার প্রম্পটগুলিকে আরও Detailed এবং Strong করবে। আপনি অলরেডি ব্যাসিক আইডিয়া পেয়েছেন আগের অধ্যায় থেকে, চলুন একসাথে সব ঝালাই করে নিই! :)

**১। ধাপে ধাপে চিন্তা করা (Chain of Thought)**

জটিল সমস্যাগুলির জন্য, AI-কে ধাপে ধাপে চিন্তা করতে বলুন।

প্রম্পট উদাহরণ: Please solve this math problem step-by-step, explaining your reasoning at each stage: A rectangular field is 25% longer than it is wide. If the perimeter of the field is 500 meters, what are its dimensions?

**২। কাজ ভাগ ভাগ করে নেয়া (Task Decomposition)**

বড় কাজকে ছোট ছোট অংশে ভাগ করুন।

প্রম্পট উদাহরণ: I need to write a report on water pollution for my environmental science class. Instead of doing the entire report at once, please help me break this down into smaller tasks:

1. First, outline the main sections I should include
2. Then, suggest research questions for each section
3. Next, recommend reliable sources for this topic
4. Finally, provide tips for organizing my findings Let's start with step 1 and move through each step one by one.

চলবে...

### ৩। ফিউ-শট প্রম্পটিং (Few-Shot Prompting)

AI-কে কয়েকটি উদাহরণ দিয়ে প্যাটার্ন শিখিয়ে নিন।

প্রম্পট উদাহরণ:

Please translate these English sentences to formal Bengali.

Here are two examples:

English: "Thank you for your assistance Mr Nasir Uddin Shamim."

Formal Bengali: "Nasir Uddin Shamim, আপনার সহায়তার জন্য ধন্যবাদ।"

English: "I would like to schedule a meeting."

Formal Bengali: "আমি একটি মিটিং শিডিউল করতে চাই।"

Now translate these sentences:

1. "Please consider my application."
2. "I look forward to your response."
3. "Could you explain this concept again?"

### ৪। পারসোনা বা রুল মেইনটেইন করা (Persona Definition)

AI-কে একটি নির্দিষ্ট ব্যক্তিত্ব বা ভূমিকায় অভিনয় করতে বলুন।

চলবে...

প্রম্পট উদাহরণ: I want you to act as a history teacher who specializes in making complex topics simple and engaging for 9th grade students. Your teaching style is enthusiastic, uses many real-life examples, and includes interesting facts that aren't in textbooks. Please explain the causes and effects of World War I in this teaching style. Include 3-4 key points that students commonly find confusing and clarify them.

**৫। আউটপুট কনস্ট্রেন্ট (Output Constraints)**

উত্তরের আকার, ফরম্যাট বা বিষয়বস্তু একদম আপনি যেভাবে চাচ্ছেন, যেই লিমিটটা দিতে চাচ্ছেন, সেগুলো ম্যানশন করুন।

প্রম্পট উদাহরণ: Explain the process of photosynthesis with these specific constraints:

- Use exactly 200-250 words
- Include a simple diagram description that I could draw
- Don't use any scientific terms without explaining them first
- Include a fun analogy that would help 9th graders remember the process
- End with exactly 3 review questions of increasing difficulty

**৬। মেটা-লেঙ্গুয়েজ ইনস্ট্রাকশন (Meta-Language Instruction)**

AI-কে তার ভাষা, টোন বা Style সম্পর্কে command দিন।

প্রম্পট উদাহরণ: Explain the concept of democracy to 9th grade students. Use these language guidelines:

চলবে...

- Use sentences with 15 words or less
- Avoid abstract terminology
- Use concrete examples from student life (like class elections)
- If you must use a complex term, define it immediately
- Use active voice, not passive voice
- Include 2-3 rhetorical questions to engage the reader

**৭। সেলফ-কনসিস্টেন্সি (Self-Consistency & Iterative Refinement)**

একই প্রশ্নের উত্তর বিভিন্নভাবে চান এবং সেরা উত্তর বেছে নিন।

প্রম্পট উদাহরণ: I want you to solve this problem in three different ways and then tell me which solution is best and why: A cylindrical water tank has a radius of 3 meters and a height of 5 meters. How many liters of water can it hold? (1 cubic meter = 1000 liters)

**৮। ERA (ইআরএ প্রম্পট ফ্রেমওয়ার্ক) = Expectation + Role + Action**

👉 এটা সবচেয়ে সহজ ও জনপ্রিয় প্রম্পট ফ্রেমওয়ার্ক।

আপনি আগে বলবেন আপনি কী ফলাফল (Expectation) চান, তারপর AI কোন রোলে কাজ করবে (Role), এবং সেই রোল অনুযায়ী কী কাজটা করবে (Action)।

🔹 কখন এই ধরনের প্রম্পট ব্যবহার করবেন?

- আপনি কোনো নির্দিষ্ট Role বা পারসোনা থেকে বা ওই পার্স্পেক্টিভ থেকে কাজটা চাচ্ছেন।

🎯 Example:

চলবে...

Act as a science teacher and explain how gravity works in simple terms I can understand."

"Act as a YouTube growth strategist and give me 5 viral short video ideas for AI tools."

"Act as a Bangla copywriter and write a hook for a Facebook reel on passive income."

### ৯। APE (এপ প্রম্পট ফ্রেমওয়ার্ক) = Action + Purpose + Expectation

👉 এখানে প্রথমে কাজের ধরন (Action), তারপর এর কারণ বা উদ্দেশ্য (Purpose), এবং শেষে আপনি কী ফলাফল আশা করছেন (Expectation) তা উল্লেখ করবেন।

🔹 কখন ব্যবহার করবেন?

- যখন আপনি নির্দিষ্ট কাজ করিয়ে তা থেকে নির্দিষ্ট ফলাফল চান।

🎯 Example Prompts:

"Write a blog post to help beginners understand SEO, and make sure it's simple and practical."

"Design a Facebook ad to promote my free webinar, with the goal of getting high signups."

"Create a product description to attract moms to buy organic baby food."

**১০। TAE (টিএই প্রম্পট ফ্রেমওয়ার্ক) = Task + Action + End Goal**

👉 এখানে আপনি বলবেন কাজটি কী (Task), কীভাবে হবে (Action), এবং শেষ লক্ষ্য বা ফলাফল কী (End Goal)।

🔹 কখন ব্যবহার করবেন?

- যখন আপনি স্টেপ বাই স্টেপ গাইড বা প্রসেস চান।

🎯 Example Prompts:

"Explain the steps to start a YouTube channel for NShamimPRO that makes passive income."

"Break down how to launch an affiliate blog from scratch with zero investment."

"Show the workflow for creating a lead magnet funnel using free AI tools."

**১১। CARE (কেয়ার প্রম্পট ফ্রেমওয়ার্ক) = Context + Action + Result + Example**

👉 প্রথমে ব্যাকগ্রাউন্ড বা কনটেক্সট (Context), এরপর কাজের ধরন (Action), এরপর কী ফলাফল চাই (Result), এবং শেষে উদাহরণ দিন (Example)।

🔹 কখন ব্যবহার করবেন?

যখন আপনি বাস্তব প্রেক্ষাপটে কাস্টমাইজড কনটেন্ট চান।

🎯 Example Prompts:

"Help me write an Instagram caption for a new coffee shop launch. I want it to sound cozy and modern."

"Create a Facebook post to promote a Black Friday offer for my online course."

"Write a YouTube title and description for a video about AI for beginners."

চলবে...

**১২। RACE (রেস প্রম্পট ফ্রেমওয়ার্ক) = Role + Action + Context + Expectation**

👉 আপনি বলবেন AI কোন রোলে কাজ করবে (Role), সে কী কাজ করবে (Action), সেই কাজ কোন প্রেক্ষাপটে (Context), এবং আপনি কী রেজাল্ট চান (Expectation)।

🔹 কখন ব্যবহার করবেন?

যখন আপনি নির্দিষ্ট পরিস্থিতিতে AI কে একটি বিশেষজ্ঞ হিসেবে কিছু করতে বলছেন।

🎯 Example Prompts:

"Act as a digital marketer and write a strategy for a clothing brand's Facebook ads."

"Act as a mentor and guide me in launching my freelancing portfolio website."

"Act as a resume expert and improve my CV for remote tech jobs."

**১৩। RISE (রাইজ প্রম্পট ফ্রেমওয়ার্ক) = Role + Input + Steps + Expectation**

👉 এখানে AI কোন রোলে কাজ করবে (Role), আপনি তাকে কী ইনপুট দিচ্ছেন (Input), কী ধাপে কাজ করবে (Steps), এবং কী ফলাফল আশা করছেন (Expectation)।

🔹 কখন ব্যবহার করবেন? যখন আপনি ইনপুট (যেমন: ব্লগ, নোটস, বা আইডিয়া) দিয়ে প্রক্রিয়াবদ্ধ আউটপুট চান।

🎯 Example Prompts:

"As a video scriptwriter, use this blog post and turn it into a 60-second YouTube Short."

"As a brand designer, use this logo and tagline to create a brand guide."

"As an Instagram strategist, use this product description and give me 5 Reels script ideas."

চলবে...

**১৪। ROSES (রোজেস প্রম্পট ফ্রেমওয়ার্ক) = Role + Objective + Scenario + Expected Solution + Steps**

👉 AI কোন রোলে কাজ করবে (Role), আপনার উদ্দেশ্য কী (Objective), কী পরিস্থিতি (Scenario), আপনি কী সমাধান আশা করছেন (Expected Solution), এবং কী ধাপে সেটা করা হবে (Steps)।

🔹 কখন ব্যবহার করবেন?
যখন আপনি গভীর ও বাস্তব সমস্যার একটি ধাপে ধাপে সমাধান চান।

🎯 Example Prompts:

"As a coach, help me overcome procrastination. I want practical, step-by-step advice."
"As a funnel expert, help me design a lead generation funnel for course sales."
"As a business strategist, guide me through pricing a new coaching program."

**১৫। COAST (কোস্ট প্রম্পট ফ্রেমওয়ার্ক) = Context + Objective + Actions + Scenario + Task**

👉 শুরু হবে ব্যাকগ্রাউন্ড দিয়ে (Context), এরপর আপনার উদ্দেশ্য (Objective), করণীয় অ্যাকশন (Actions), কোন পরিস্থিতিতে (Scenario), এবং কী কাজ হবে (Task)।

🔹 কখন ব্যবহার করবেন?
- যখন আপনি বিস্তারিত ব্রিফ দিয়ে একটি নির্দিষ্ট রেজাল্ট চান।

চলবে...

🎯 Example Prompts:

"Write a welcome email for new subscribers to my AI course who just signed up from a Facebook ad."

"Draft a WhatsApp message to follow up with clients who booked a free session but didn't join."

"Create a tweet thread from a podcast episode about making money with AI."

## ১৬। TRACE (ট্রেস প্রম্পট ফ্রেমওয়ার্ক) = Task + Request + Action + Context + Example

👉 প্রথমে আপনি কী কাজ দিতে চাচ্ছেন (Task), আপনি কী চাইছেন (Request), কীভাবে সেটা করবেন (Action), কী প্রেক্ষাপট বা ব্যাকগ্রাউন্ড (Context), এবং একটি উদাহরণ দিন (Example)।

🔹 কখন ব্যবহার করবেন?

- যখন আপনি AI কে সম্পূর্ণ স্পষ্ট ও গাইডেডভাবে প্রম্পট দিতে চান।

🎯 Example Prompts:

"Create a motivational quote image caption for Instagram, targeting students preparing for exams."

"Write a client proposal email for a freelance graphic designer offering logo design service."

"Generate a blog post outline on 'How to Start a Dropshipping Business in Bangladesh'."

চলবে...

## ১৭। Zero Shot Prompting (জিরো শট প্রম্পটিং)

👉 Zero Shot Prompting হলো এমন এক ধরনের প্রম্পটিং যেখানে আপনি AI কে কোনো উদাহরণ না দিয়েই সরাসরি একটি টাস্ক দেন। AI নিজেই তার ট্রেইনিং ডেটা থেকে বুঝে কাজটি সম্পন্ন করে।

🔹 কখন এই ধরনের প্রম্পট ব্যবহার করবেন?
যখন আপনার টাস্কটি সহজ, পরিচিত বা সোজাসাপ্টা। – যেমন: সংজ্ঞা চাওয়া, আইডিয়া চাওয়া, প্রশ্নের উত্তর, বা কিছু লিখে দেওয়া।

📌 সুবিধা: দ্রুত কাজ হয়, সময় বাঁচে এবং নতুনদের জন্য এই ধরনের প্রম্পটিং করা বেশ সহজ
📌 অসুবিধা: রেজাল্ট সবসময় খুব নির্ভুল বা কাস্টমাইজড নাও হতে পারে বা অনেক সময় Vague উত্তর দেয়।

🎯 Example Prompts:
"Write a tweet about ChatGPT for beginners." "
What is affiliate marketing?"
"Give me 5 blog title ideas about AI tools."
"Translate this sentence into Bangla:
'AI is the future of work.'"

🟡 টিপস: যত স্পষ্টভাবে আপনি নির্দেশ দিবেন, Zero Shot Prompt তত ভালো কাজ করে। তবে যদি রেজাল্ট এক্সাক্ট না হয়, তখন Few-Shot বা Prompt Framework ব্যবহার করাই ভালো।

চলবে...

# প্রম্পট অপটিমাইজেশন ও রিভিশন টেকনিক

আপনি প্রথম প্রম্পটে পারফেক্ট রেজাল্ট পাবেন না — এটা স্বাভাবিক। এই পর্বে দেখানো হবে কীভাবে আপনি একটি প্রম্পটকে ধাপে ধাপে উন্নত করতে পারেন এবং আরো নিখুঁত আউটপুট পেতে পারেন।

## 1️⃣ টেস্টিং ও রিফাইনিং কৌশল

👉 একই প্রম্পটের ভিন্ন ভিন্ন Varsion তৈরি করে দেখা যে, কোনটি সবচেয়ে ইফেক্টিভ।

**পদ্ধতি:**

একটি প্রম্পট দিন

রেজাল্ট দেখুন

রিভাইজ করুন

পুনরায় রান করুন যেটা বেস্ট, এবং সেটা Save করে রাখুন।

🎯 **উদাহরণ:**

"Write a Facebook ad copy for an AI tool."

→ রিভাইজ করে: "Write a high-converting Facebook ad copy for an AI video tool targeting digital marketers."

→ আরেকটা এক্সাম্পল: "Act as a Facebook copywriter. Write 3 variations of ad copy for an AI tool that helps create short videos."

চলবে...

# 2️⃣ Looping Prompt Design (প্রম্পট লুপিং)

👉 একাধিক রাউন্ডে রেজাল্ট নেওয়ার কৌশল। আপনি প্রথমে একটি প্রম্পটে আউটপুট নেন, তারপর সেই আউটপুটকে নতুন প্রম্পটের ইনপুট বানান।

**পদ্ধতি:**

প্রাথমিক প্রম্পট দিয়ে ধারণা নিন

সেই ধারণা অনুযায়ী আরেকটি বিস্তারিত প্রম্পট তৈরি করুন

ফলাফল ইম্প্রুভ করুন

🎯 **উদাহরণ:**

Step 1: "Give me 3 YouTube script ideas about AI marketing."

Step 2: "Now write a full script for the second idea in an exciting storytelling tone."

Step 3: "Convert that into a 60-second Facebook reel script with a powerful hook.

এইটা আমি ব্যক্তিগতভাবে অনেক ব্যবহার করি - It just works like a magic. :)

চলবে...

## 3️⃣ Feedback-based Prompt Adjustments (ফিডব্যাক প্রম্পটস)

👉 AI-এর আউটপুট দেখে ফিডব্যাক দিয়ে আবার প্রম্পট অ্যাডজাস্ট করা।

**পদ্ধতি:**

আউটপুট দেখে বলুন:

"Make it more emotional."

"Add real examples."

"Make it sound like a 20-year-old content creator."

→ AI সেই ফিডব্যাক অনুসারে আউটপুট আপডেট করে

### 🎯 উদাহরণ:

"Write an Instagram caption about a productivity tool."

→ Feedback: "Make it more fun and relatable for students."

→ Feedback again: "Add an emoji and CTA."

## 4️⃣ Nested Prompt Structure (নেস্টেড প্রম্পটস)

চলবে...

👉 এক প্রম্পটের ভেতর ছোট ছোট সাব-টাস্ক যুক্ত করা — যেন AI ধাপে ধাপে কাজ করতে পারে।

পদ্ধতি:

একটি প্রম্পটের মধ্যে ধাপভিত্তিক নির্দেশনা দিন:

Step 1: বিষয় চিহ্নিত করুন

Step 2: উপাদান তৈরি করুন

Step 3: ফরম্যাট করুন

🎯 উদাহরণ:

"Step 1: Identify 3 AI tools that help with social media marketing.

Step 2: Write 1 benefit of each.

Step 3: Suggest a Facebook post using those tools."

প্রম্পট লেখা মানেই একবারে ঠিক হয়ে যাবে সবসময় - ব্যাপারটা এমন নয় — এটা একটা Iterative Process। যত বেশি রিভিশন ও অপটিমাইজ করবেন, তত বেশি মনের মতো ভালো আউটপুট পাবেন।

চলবে...

# প্রম্পট ইঞ্জিনিয়ারিং এর ১০টি রিয়েল লাইফ Use-Cases

📚 চলুন উপরে যেসব ফ্রেইমওয়ার্কগুলো শিখলাম সেগুলো কিভাবে বাস্তব জীবনে বিভিন্ন প্রফেশনালরা ব্যবহার করেন তার কিছু নমুনা দেখিঃ

**নোটঃ** নিচে "ব্যবহার" বলতে কোন ফ্রেইমওয়ার্ক ব্যবহার করা হয়েছে এবং "কাজ" বলতে এইটা দিয়ে এক্সাক্টলি কোন প্রম্পটটা ইউজ করা হয়েছে সেটা বুঝানো হয়েছে।

### 1️⃣ ডিজিটাল মার্কেটার: এক সপ্তাহে ১০০+ কনটেন্ট

ব্যবহার: ERA + Looping Prompt

কাজ: "Act as a content strategist and generate 100 blog post titles for affiliate marketing beginners."

ফলাফল: কনটেন্ট পরিকল্পনা, সোশ্যাল মিডিয়া পোস্ট, SEO ব্লগ—সব একসাথে তৈরি করতে পারবেন কয়েক মিনিটে।

### 2️⃣ শিক্ষক: লেসন প্ল্যান ও কোয়িজ তৈরি

ব্যবহার: RACE + CARE

কাজ: "Act as a high school biology teacher and create a lesson plan with 3 interactive activities."

ফলাফল: প্রতিদিনের ক্লাসের জন্য ইন্টারঅ্যাকটিভ লেসন প্ল্যান ও MCQ বানিয়ে সময় বাঁচাতে পারবেন।

### 3️⃣ প্রোগ্রামার: কোড রিভিউ ও ডিবাগিং

ব্যবহার: TAE + Feedback-based Optimization

কাজ: "Check this Python code for bugs and suggest optimized alternatives."

ফলাফল: দ্রুত বাগ খুঁজে পেয়ে কোড অপ্টিমাইজ করেছেন।

চলবে...

### 4️⃣ ইউটিউবার: স্ক্রিপ্টিং ও হুক আইডিয়া

ব্যবহার: RISE + COAST

কাজ: "Act as a video scriptwriter and turn this topic into a viral short with hook, script, and CTA."

ফলাফল: প্রতিদিনের জন্য ৩-৫টি রেডি স্ক্রিপ্ট, ট্রেন্ডি হুক সহ পেয়ে যাবেন। মজার না? :)

### 5️⃣ ফ্রিল্যান্সার: কাস্টমার কমিউনিকেশন ও প্রপোজাল

ব্যবহার: CARE + TRACE

কাজ: "Write a proposal email for a potential web design client based on this brief."

ফলাফল: ক্লায়েন্টকে ইমপ্রেস করে কনভার্সন বাড়িয়েছেন।

### 6️⃣ এজেন্সি ওনার: SOP ও টিম ট্রেনিং ডক তৈরি

ব্যবহার: COAST + Nested Prompt

কাজ: "Create an SOP for onboarding new social media clients including checklist and timelines."

ফলাফল: টিম মেম্বারদের জন্য documented workflow বানিয়ে স্কেল করেছেন।

### 7️⃣ কোর্স ক্রিয়েটর: কন্টেন্ট স্ট্রাকচার ও মডিউল ডেভেলপ

ব্যবহার: ERA + Looping Prompt

কাজ: "Help me structure a course on digital freelancing with 10 modules, lessons, and quizzes."

ফলাফল: সম্পূর্ণ কোর্স কাঠামো কয়েক মিনিটে তৈরি করা পসিবল।

আমি এই বইটা লিখেছি ঠিক এই প্রম্পটিং এর সাহায্যে। প্রথমে আমার আইডিয়াগুলো একসাথে করেছি, তারপর সেগুলো স্ট্রাকচারিং এর জন্যে ERA + Looping Prompt হেল্প করেছে।

চলবে...

### 8️⃣ ই-কমার্স বিজনেস ওনার: প্রোডাক্ট ডিসক্রিপশন ও অ্যাড কপি

ব্যবহার: APE + RACE

কাজ: "Write persuasive product descriptions for 5 eco-friendly products under 100 words each."

ফলাফল: কপি রাইটিং এআই দিয়ে করে কনভার্সন বাড়িয়েছেন।

### 9️⃣ ব্লগার: SEO ফ্রেন্ডলি আর্টিকেল + আউটলাইন

ব্যবহার: TRACE + TAE

কাজ: "Generate an SEO-optimized outline and write a 1000-word blog on 'Benefits of Remote Work'."

ফলাফল: দ্রুত রিসার্চ ও আউটলাইন পেয়ে পুরো ব্লগ পোস্ট রেডি করে ফেলেছেন অলরেডি। তাই না?

### 🔟 কোচ/মেন্টর: লাইফস্টাইল গাইড ও হ্যাবিট ট্র্যাকিং

ব্যবহার: ROSES + CARE


কাজ: "Create a 7-day habit tracking plan for someone struggling with procrastination."

ফলাফল: ক্লায়েন্টদের জন্য কাস্টমাইজড গাইড ও সাপোর্ট প্ল্যান তৈরি করেছেন।

আমরা মূলত বইয়ের শেষ দিকে চলে এসেছি। প্রম্পট ইঞ্জিনিয়ারিং নিয়ে আমরা বিস্তারিত জানলাম। এখন এইগুলো প্র্যাকটিস করার পালা। যতো বেশী প্র্যাকটিস করবেন, ততো ভালো করে জিনিসটা আয়ত্ত করতে পারবেন। কয়েক মাস লাগাতার প্র্যাকটিসিং এর পর - গতানুগতিক বিভিন্ন এআই রিলেটেড কাজ করার পাশাপাশি আপনি কিন্তু এই স্পেসিফিক নিসে নিজের ক্যারিয়ার গড়ারও চিন্তা করতে পারেন। সেগুলো নিয়েই পরবর্তি অধ্যায়...

চলবে...

# প্রম্পট ইঞ্জিনিয়ারিং: পেশা হিসেবে সম্ভাবনা




উপরের এই ছবিটা আপওয়ার্ক থেকে নিয়েছি।

এমন অনেক জব পাবলিশড হচ্ছে বিভিন্ন মার্কেটপ্লেস এবং সোশাল মিডিয়া সাইটগুলোতে।

মার্কেটটা আসতে আসতে গ্রো করছে।

AI কনটেন্ট, কাস্টমার সাপোর্ট, কোড জেনারেশন, এবং ডেটা অ্যানালাইসিস ইন্ডাস্ট্রিতে প্রম্পট ইঞ্জিনিয়ারদের চাহিদা বাড়ছে।

## 🌐 কোথায় কাজ পাবেন?

### 1️⃣ Upwork এবং এই ধরনের সাইটগুলো।

কাজের ধরন: AI কনটেন্ট, কোডিং, ডেটা অ্যানালাইসিস, চ্যাটবট ডিজাইন, মার্কেটিং অটোমেশন এবং গ্রাফিক ডিজাইন।

প্রোফাইল তৈরি: আপনার দক্ষতা, পূর্ববর্তী কাজের উদাহরণ, এবং ক্লায়েন্টদের ফিডব্যাক যুক্ত করুন।

প্রম্পট রাইটিং সম্পর্কিত সার্ভিস যুক্ত করুন, কাস্টম প্রম্পট উদাহরণ দিন, এবং প্রফেশনাল টোন ব্যবহার করুন।

### 2️⃣ Fiverr এবং এই ধরনের গিগ বেইজড সাইটগুলো।

গিগ তৈরি: "I will create custom ChatGPT prompts for your business" বা "I will be your AI prompt engineer for content creation"।

মূল্য নির্ধারণ: $৫ থেকে শুরু করে $৫০০০ পর্যন্ত। কিংবা সার্ভিস-ভেদে এর চেয়েও বেশী :)

চলবে...

### 3️⃣ LinkedIn এবং সিমিলার প্রফেশনাল নেটওয়ার্ক্স

প্রোফাইল আপডেট: "Prompt Engineer | ChatGPT Expert | AI Content Specialist"

কাজের সুযোগ: LinkedIn Jobs সেকশনে "Prompt Engineer", "AI Specialist", "LLM Consultant" লিখে সার্চ করুন। আর কন্টেন্টের জন্যে বিভিন্ন প্রম্পট তো আছেই :)

নেটওয়ার্কিং: প্রম্পট ইঞ্জিনিয়ারদের পোস্টে কমেন্ট করুন ও কোলাবরেশনের প্রস্তাব দিন।

### 4️⃣ Reddit সাবরেডিট

r/PromptEngineering

r/Freelance

r/ArtificialInteligence

কাজের সুযোগ: অনেক স্টার্টআপ বা ফাউন্ডার এখানে ফ্রিল্যান্স প্রম্পট রাইটার খুঁজছেন।

🔗 reddit.com/r/PromptEngineering

### 5️⃣ Facebook Groups এবং পেইজ

টপ গ্রুপ:

"Prompt Engineering Freelancers"

"AI Prompt Creators Hub"

"AI in Bangla (Premium Group of AI Champions Members)"

কাজ পাওয়ার কৌশল: প্রাসঙ্গিক সমস্যার সমাধান করে পোস্ট করুন বা নিজের সেবা অফার করুন।

### 6️⃣ Discord কমিউনিটিজ

সার্ভার: AI Hub Learn, Prompting, Prompt Engineering Guild

কি করবেন: #job-board চ্যানেলে নজর রাখুন নিয়মিত এবং AMA বা workshop এ অংশ নিন

🔗 discord.gg

চলবে...

**Freelancer.com জব**

কাজের ধরন: প্রম্পট লেখা, AI কনটেন্ট ডিজাইন, চ্যাটবট কনফিগারেশন

টিপস: স্পেসিফিক সার্ভিস দিয়ে বিড করুন, যেমন "Build 10 prompts for AI Instagram caption generator"

🔗 freelancer.com

8️⃣ PeoplePerHour

প্রোফাইল সেটআপ: "Prompt Engineering | GPT-4 Content Expert"

গিগ উদাহরণ: AI blog prompt pack creation, ChatGPT email campaign designer

🔗 peopleperhour.com

**9️⃣ Twitter/X (ডিএম - The Superpower)**

কীভাবে কাজ পাবেন: নিজের প্রম্পট শেয়ার করে কেস স্টাডি বা ফলাফল দিন

#PromptEngineering #ChatGPT #AIWriter হ্যাশট্যাগ ব্যবহার করুন

প্রোফাইলে যোগ করুন: "Available for Prompt Engineering Projects | DMs Open"

**🔟 Instagram থিম পেইজ**

কন্টেন্ট আইডিয়া: Before vs After prompt result AI Prompt tips carousel

CTA দিন: "DM me for custom prompts for your biz!"

**1️⃣1️⃣ YouTube চ্যানেল**

চ্যানেল আইডিয়া: "How I made $1000 from Fiverr with AI Prompts"

"Best Prompt Frameworks for Copywriters"

প্যাসিভ ইনকাম: কন্টেন্টের মাধ্যমে ক্লায়েন্ট ও ট্রাফিক জেনারেশন

চলবে...

1️⃣2️⃣ **GitHub (ফর ডেভেলপার্স )**

শেয়ার করুন: Custom prompt libraries

Open source ChatGPT workflow repo

Networking: dev-সম্পর্কিত Discord বা GitHub Discussions এ অংশগ্রহণ

🔗 github.com

# কীভাবে ক্লায়েন্টের জন্য কাস্টম প্রম্পট তৈরি করবেন?

**ক্লায়েন্টের চাহিদা বোঝা**: ক্লায়েন্টের উদ্দেশ্য, টার্গেট অডিয়েন্স, এবং কাঙ্ক্ষিত ফলাফল সম্পর্কে বিস্তারিত জানুন। তারপর ওই অনুযায়ী প্রম্পটিং করবেন।

**উপযুক্ত ফ্রেমওয়ার্ক ব্যবহার**: যেমন ERA (Expectation, Role, Action), RACE (Role, Action, Context, Expectation), বা CARE (Context, Action, Result, Example)। আপনি প্রথমে সব ফ্রেইমওয়ার্কগুলো নিয়ে ভালো করে পড়াশুনা করে নিন!

**ইটারেটিভ প্রসেস**: প্রথমে একটি প্রম্পট তৈরি করুন, তারপর ক্লায়েন্টের ফিডব্যাক অনুযায়ী তা Improve করুন।

**ডকুমেন্টেশন:** প্রম্পটের ব্যবহারবিধি এবং সম্ভাব্য আউটপুট সম্পর্কে বিস্তারিত ডকুমেন্টেশন তৈরি করুন।

চলবে...

# 🎓 Prompt Engineering এর প্রশিক্ষণ ও সার্টিফিকেশন

### 1. Coursera কোর্স

“Prompt Engineering for ChatGPT” by Vanderbilt University

সার্টিফিকেট: কোর্স সম্পন্ন করার পর সার্টিফিকেট প্রদান করা হয়। আপনি কোর্সেরা প্লাটফর্মে AI বা Prompting লিখে সার্চ দিলেই অনেক কোর্স পেয়ে যাবেন।

### 2. Udemy কোর্স

“The Complete Prompt Engineering for AI Bootcamp”

বিষয়বস্তু: GPT-4, Stable Diffusion, এবং GitHub Copilot নিয়ে কাজ করার জন্য প্র্যাকটিক্যাল স্কিল শেখানো হয়।

### 3. DeepLearning.AI কোর্স

“ChatGPT Prompt Engineering for Developers”

বিষয়বস্তু: LLM ব্যবহার করে ওয়ার্কফ্লো অটোমেশন, চেইনিং, এবং কাস্টম চ্যাটবট তৈরি শেখানো হয়।

### 4. AIChampions কোর্স by AiinBangla.Com

Prompt Engineering এবং এআই এর বিভিন্ন সেক্টর নিয়ে স্বতন্ত্র এবং ইউনিক একটা কোর্স। কোর্স শেষে আন্তর্জান্তিকভাবে স্বীকৃত যে কোন জায়গায় AiinBangla থেকে পাওয়া সার্টিফিকেট ব্যবহার করতে পারবেন।

চলবে...

# শেষ কথা!

বইটা আপাতত এখানেই শেষ করছি। আমি অনেক দিন ধরেই এইটা নিয়ে আইডিয়া জেনারেট করছিলাম। অনেক কিছু অ্যাড করেছি আবার অনেক কিছু বাদও দিয়েছি, এইসব করতে করতে বইটা আপ করতে দেরী হয়েছে।

তবে এই ইন্ডাস্ট্রিটা প্রতিনিয়ত চেঞ্জ হচ্ছে - সুতরাং আপডেট কিছু পেলে অবশ্যই আমি এই বইটা আপডেট করবো। জাস্ট https://aiinbangla.com এ চোখ রাখবেন আপডেটের জন্যে।

আমি নিয়মিত  AI নিয়ে ভিডিও দিচ্ছি আমার ফেসবুক (https://fb.com/NasirUShamim) পেইজে এবং ইউটিউবে (https://www.youtube.com/@Nushamim) - দেখা হবে আপনার সাথে ওখানেও।

এআই নিয়ে ক্যারিয়ার গড়তে চাইলে বা এই ব্যাপারটা নিয়ে সিরিয়াসলি আগাতে চাইলে আমার AI Champions কোর্সটা দেখতে পারেন https://aiinbangla.com থেকে (তবে কেনার আগে কোন ডিস্কাউন্ট অফার আছে কিনা জানার জন্যে নক দিবেন ফেসবুক মেসেঞ্জারে)।

সবাই ভালো থাকুন।

সুস্থ থাকুন।

নিরাপদে থাকুন।

শুভেচ্ছান্তে,

**Nasir Uddin Shamim**